

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৩৬১

১/ বিবিধ

আরবী

قريش على مقدمة الناس يوم القيامة، ولولا أن تبطر قريش لأخبرتها بما لمحسنها عند
الله من الثواب
موضوع

أخرجه ابن عدي (11/2) من طريق إسماعيل بن يحيى: حدثنا سفيان الثوري قال:
سمعت محمد بن المنكر يقول: سمعت جابر بن عبد الله يقول: سمعت رسول الله
صلى الله عليه وسلم يقول: فذكره. وقال ابن عدي: " وهذا الحديث بهذا الإسناد باطل
ليس يرويه غير إسماعيل

قلت: وقد عرفت أنه كذاب، ولقد شان السيوطي كتابه " الجامع " بإيراده فيه هذا
الحديث، وأمثاله مما تقدم التنبيه عليه، وقد أخذ المناوي عليه إبهامه بسكوته عليه أن
ابن عدي خرجه وسكت عليه! فقال: " الأمر بخلافه، بل قال: هذا الحديث.. باطل ليس
يرويه غير إسماعيل بن مسعدة (!) (1) وكان يحدث عن الثقات بالبواطيل. وقال ابن
حبان: يروي الموضوعات عن الأثبات، لا تحل الرواية عنه ". ثم تجاهل هذا كله
المناوي في " التيسير " فاقصر على تضعيفه فقط

বাংলা

১৩৬১। কুরাইশরা কিয়ামতের দিন লোকদের সম্মুখভাগে থাকবে। কুরাইশরা যদি অহংকার না করত তাহলে
আমি তাদেরকে সংবাদ দিতাম তাদের ইহসানকারীর জন্য আল্লাহর নিকটে কী পরিমাণে সাওয়াব রয়েছে।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু আদী (২/১১) ইসমাঈল ইবনু ইয়াহইয়া সূত্রে সুফইয়ান সাওরী হতে, তিনি বলেনঃ আমি মুহাম্মাদ ইবনুল মুনকাদিরকে বলতে শুনেছি, তিনি বলেনঃ আমি জাবের ইবনু আদিল্লাহ (রাঃ)-কে বলতে শুনেছি, তিনি বলেনঃ আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ ...।

ইবনু আদী বলেনঃ এ হাদীসটি এ ভাষায় বাতিল। ইসমাঈল ছাড়া অন্য কেউ এটিকে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ আপনারা অবগত হয়েছেন যে, তিনি একজন মিথ্যুক। ইমাম সুয়ূতী হাদীসটিকে তার “আল-জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করে গ্রন্থটিকে কালিমালিগুত করেছেন।

ইবনু আদী আরো বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বাতিল হাদীস বর্ণনা করতেন।

ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরশীল বর্ণনাকারীদের উদ্ধৃতিতে (কতিপয়) বানোয়াট হাদীস বর্ণনা করেন, তার থেকে বর্ণনা করাই বৈধ নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72240>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন